

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
আইসিটি শাখা
মৎস্য ভবন, রমনা, ঢাকা।

ইনোভেশন টিমের জানুয়ারি/২০২১ খ্রিঃ তারিখের সভার কার্যবিবরণী।

সভাপতি	: মাসুদা খানম
	: জেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ) ও ইনোভেশন অফিসার
সভার তারিখ	: ০৫/০১/২০২১খ্রি.
সভার সময়	: সকাল ১১.০০ ঘটিকা
স্থান	: জেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ) ও ইনোভেশন অফিসার এর কক্ষ # ৫১০।
উপস্থিতি	: পরিশিষ্ট “ক”

সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট ‘ক’ তে সংযুক্ত আছে। সভায় নিম্নবর্ণিত বিষয়সমূহ নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

১। মাঠ পর্যায়ের ইনোভেশন কার্যক্রম পর্যালোচনা:

উপজেলা মৎস্য কর্মকর্তা(রিজার্ভ) ও সদস্য সচিব এর নিকট সভাপতি ইনোভেশন কার্যক্রম সম্পর্কে জানতে চান। উপজেলা মৎস্য কর্মকর্তা(রিজার্ভ) জনাব মোঃ বদিউল আলম সুফল সভায় জানান, বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ অনুযায়ী কার্যক্রম চলমান রয়েছে। সভায় উপস্থিত সদস্যবৃন্দ ইনোভেশন কার্যক্রমে সন্তোষ প্রকাশ করেন।

২। মাঠ পর্যায়ের উদ্ভাবনী আইডিয়া ও অধিকতর পাইলটিংকৃত উদ্যোগ পর্যালোচনা

সহকারী পরিচালক, আইসিটি সভায় জানান যে, উদ্ভাবকগণকে নিয়ে জুম ক্লাউড প্ল্যাটফর্মে উদ্ভাবনের অগ্রগতি নিয়ে সভা আয়োজন করা হয়েছে। এতে উদ্ভাবকগণ তাঁদের উদ্ভাবন অগ্রগতি জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

৩. ভার্চুয়াল শোকেসিং বিষয়ক আলোচনা

উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ) সভায় জানান যে, ভার্চুয়াল শোকেসিং বিষয়ক মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় থেকে পত্র পাওয়া গেছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

৪. উদ্ভাবনী ফান্ড প্রদান বিষয়ক আলোচনাঃ

সহকারী পরিচালক, আইসিটি সভায় জানান যে, উদ্ভাবনী ফান্ড প্রদানের নিমিত্ত উদ্ভাবকগণ থেকে ১৫ টি প্রকল্প পরিকল্পনা পাওয়া গেছে। এসব প্রকল্প পরিকল্পনা নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

৫. বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি আলোচনা :


উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ) সভায় জানান যে, বিগত ২৪.০৩.২০২১ খ্রিঃ তারিখের ইনোভেশন টিমের সভায় ৫টি সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। সিদ্ধান্তসমূহ বাস্তবায়িত হয়েছে মর্মে সদস্য সচিব সভায় জানান।

আলোচনার শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়-

সিদ্ধান্তসমূহ:

১. ইনোভেশন কার্যক্রম চলমান রাখতে হবে;
২. উদ্ভাবকগণের উদ্ভাবন কার্যক্রম চালিয়ে নিতে হবে;
৩. মন্ত্রণালয়ের সিদ্ধান্ত সাপেক্ষে ভার্চুয়াল শোকেসিং এ অংশগ্রহণের ব্যবস্থা গ্রহণ করতে হবে;
৪. উদ্ভাবনী প্রকল্প পরিকল্পনাসমূহ নিয়ে ইনোভেশন টিমের উদ্ভাবকগণের সাথে আলোচনা করতে হবে।

আলোচ্যসূচি মোতাবেক আলোচনা শেষ হওয়ায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মাসুদা বিনাম)
জেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ)
ও
ইনোভেশন অফিসার

স্মারক নম্বরঃ ৩৩.০২.০০০০.১২৩.১৩.০০২.২০-২

তারিখঃ ৫ জানুয়ারি, ২০২১

বিতরণঃ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সহকারী পরিচালক, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর;
- ২) স্টাফ অফিসার (সহকারী পরিচালক), মহাপরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৩) সহকারী পরিচালক, পরিকল্পনা শাখা, মৎস্য অধিদপ্তর;
- ৪) উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ), আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর;
- ৫) অফিস কপি।